

# স্বাস্থ্যমন্ত্রীর সঙ্গে বৈঠক মেডিক্যাল কলেজে ভর্তিতে অটোমেশন পদ্ধতি বাতিল চায় বিপিএমসিএ

## ■ ইত্তেফাক রিপোর্ট

মেডিক্যাল কলেজসমূহে ভর্তি ও প্রশাসনিক কাজে অটোমেশন সিস্টেম বাতিল করার দাবি জানিয়েছে বাংলাদেশ প্রাইভেট মেডিক্যাল কলেজ অ্যাসোসিয়েশন (বিপিএমসিএ)। গতকাল সোমবার সচিবালয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী সরদার শাখাওয়াত হোসেন বকুলের সঙ্গে মন্ত্রণালয়ে বৈঠকে সংগঠনের নেতারা এই দাবি জানান।

স্বাস্থ্যমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠকে স্বাস্থ্য প্রতিমন্ত্রী এম এ মুহিত, স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের পরিচালক ছাড়াও বিপিএমসিএর নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। সভায় অটোমেশন সিস্টেম বাতিলের পক্ষে যুক্তি তুলে ধরে বিপিএমসিএর সহসভাপতি এবং সাহাব উদ্দিন মেডিক্যাল কলেজ ও হাসপাতালের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান মোহাম্মদ সাহাবুদ্দিন বলেন, অটোমেশন সিস্টেম চালুর ফলে বেশকিছু নেতিবাচক প্রভাব ও অসুবিধা লক্ষ্য করা গেছে। এর মধ্যে বেসরকারি মেডিক্যাল আসন খালি থাকা, পছন্দের প্রতিষ্ঠানে ভর্তির সুযোগ না পাওয়া এবং শিক্ষার্থী কমে যাওয়ার ঝুঁকিগুলো প্রধান। এছাড়া এই সিস্টেমের কারণে প্রযুক্তিগত ত্রুটি ও ব্যক্তিগত পছন্দকে গুরুত্ব না দেওয়াও অন্যতম সমস্যা।